ইত্তেফাক

তারিখ 6-12-72

পৃষ্ঠা ... কলাম ...

008

# সপ্তম শ্রেণী পর্যন্ত পরিকল্পিত শিক্ষাপদ্ধতি চালু হইয়াছে—প্রধানমন্ত্রী

বাসস জানায়, প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান বলিয়াছেন, সরকার সপ্তম শ্রেণী পর্যন্ত নূতন সিলেবাস অনুযায়ী পরিকল্পিত শিক্ষা পদ্ধতি চালু করিয়াছেন। এই পদ্ধতি দশম শ্রেণী পর্যন্ত সম্প্রসারণ করা হইবে।

গতকাল (রবিবার) ঢাকার মগবাজার বালিকা বিদ্যালয়ের বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠানে

## সপ্তম শ্রেণী পর্যন্ত

(১ম পৃঃ পর)

প্রধান অতিথির ভাষণে প্রধানমন্ত্রী শিক্ষাকে জীবনের বাস্তবতার সহিত সামঞ্জস্যপূর্ণ করার আহ্বান জানান। তিনি বলেন, শিক্ষা পদ্ধতি অবশ্যই আধুনিক বিজ্ঞান ও প্রযুক্তির চাহিদা মোতাবেক হওয়া উচিত।